

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়দাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.১৪৬.২৩ নথির বিষয়: Supply & Installation of e-PRV related 02(two) set butterfly Valves & other equipments of P(J)WTP transmission Network near ARMANITOLA Playground.

নোট: ১ নোটের বিষয়: Supply & Installation of e-PRV related 02(two) set butterfly Valves & other equipments of P(J)WTP transmission Network near ARMANITOLA Playground.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১/৫/২৩ ৪:৪৮ অপরাহ্ন

অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৭ পর্যন্ত দেখা যেতে পারে। সায়দাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ২ এর ৪৬ কিঃমিঃ পানির মেইন ট্রান্সমিশন লাইনে মোট ৪১ টি PRV এবং Flow Meter নোড রয়েছে। সাপাশো ফেজ-১ এর ৩৬ কিঃমিঃ ট্রান্সমিশন লাইনে সর্বমোট ২৪ টি পিআরভি ও ফ্লোমিটার নোড এবং ফেজ-২ এর ১০ কিঃমিঃ ট্রান্সমিশন লাইনে সর্বমোট ১৭ টি পিআরভি ও ফ্লোমিটার নোড রয়েছে। ফেজ-১ প্রকল্পের PRV এবং Flow Meter গুলো পুরাতন বিধায় ইতিমধ্যে ৩৩ (তেরিশ) সেট পরিবর্তন করে ই-পিআরভি ও ফ্লোমিটার স্থাপন করা হয়েছে। উক্ত ই-পিআরভি স্থাপনের ফলে পানি সরবরাহ সম্পর্কিত বিভিন্ন Parameter (Upstream Pressure, Downstream Pressure, Flow Rate, Total Flow, Battery Voltage etc.) এর Real Time মনিটরিং ও কন্ট্রোল করা যাচ্ছে। ইতিমধ্যে পদ্মা-যশলদিয়া পানি শোধনাগারের পানির ট্রান্সমিশন লাইন সাপাশো এর ট্রান্সমিশন নেটওয়ার্কের সাথে যুক্ত হয়েছে। বর্তমানে মডস জোন-২ এর বিভিন্ন এলাকা/পয়েন্ট শুধু মাত্র ৪০০mm dia বাটারফ্লাই এর মাধ্যমে আন্তঃসংযোগ করে মিডফোর্ড মাজার গলি, আরমানিটোলা পাম্প গলি, আরমানিটোলা খেলার মাঠ রোড, নয়াবাজার ফ্রেঞ্জ রোড এলাকায় পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত এলাকায় সরবরাহকৃত পানির কোন তথ্য বা কি পরিমাণ পানি যায় তার কোন হিসাব না থাকার কারণে ঢাকা ওয়াসার যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ক্রমে মিডফোর্ড মাজার রোড ও নয়াবাজার ফ্রেঞ্জ রোড এলাকায় সাপাশো রক্ষণাবেক্ষণ বিভাগ হতে আর,সি,সি চেম্বার নির্মাণ করে ২ টি পৃথক স্থানে ২ টি ই-পিআরভি ও ফ্লোমিটার স্থাপন করা হয়েছে। অর্থাৎ পদ্মা শোধনাগারের ১ কিঃমিঃ ট্রান্সমিশন লাইনের মোট ৪টি নোডাল পয়েন্টের মধ্যে ২টি ইতোমধ্যে ডিজিটাইজড করা হয়েছে এবং ২টি বাকি রয়েছে। WOP3 কর্তৃক Water Balance হিসাব করার জন্য বাকি ২টি নোডাল পয়েন্ট দ্রুততম সময়ে ডিজিটাইজ করার ব্যাপারে কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। উক্ত ই-পিআরভি স্থাপনের ফলে পানি সরবরাহ সম্পর্কিত বিভিন্ন Parameter (Upstream Pressure, Downstream Pressure, Flow Rate, Total Flow, Battery Voltage etc.) এর Real Time মনিটরিং ও কন্ট্রোল করা যাচ্ছে। বাকী ২ টি (আরমানিটোলা পাম্প গলি, আরমানিটোলা খেলার মাঠ রোড) এলাকায় সরবরাহকৃত পানির তথ্য রাখার জন্য উক্ত দুটি পয়েন্টে ই-পিআরভি ও ফ্লোমিটার স্থাপনের জন্য নতুন আর,সি,সি চেম্বার নির্মাণ সহ পদ্মা পানি শোধনাগারের পানির ট্রান্সমিশন লাইনের সহিত আন্তঃসংযোগ কাজের জন্য ডিআই পাইপ সহ আনুষঙ্গিক ফিটিংস মালামাল সরবরাহের প্রয়োজন। সে আলোকে আরমানিটোলা খেলার মাঠ সংলগ্ন এলাকায় ই-পিআরভি ও ফ্লোমিটার স্থাপন করার নিমিত্তে বাটারফ্লাই ভালভ ও আনুষঙ্গিক ফিটিংস মালামাল সংগ্রহসহ আর,সি,সি চেম্বার নির্মাণ করতঃ আন্তঃ সংযোগ কাজের ০১ (এক) টি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল (সংযুক্ত ক্রমিক-০৭ দ্রঃ)। উল্লেখ্য যে, ২৫০ মিঃমিঃ ব্যাসের ই-পিআরভি ও ফ্লোমিটার ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার ও ৩০০ মিঃমিঃ ব্যাসের ডিআই পাইপ সাপাশো ভান্ডারে মজুদ আছে বিধায় সাপাশো উপ-ভান্ডার বিভাগ হতে তা সংগ্রহ করা হবে। প্রাক্কলনটি পিডরিউডি-২০১৮ এর রেট সিডিউল অনুযায়ী তেরী করা হবে, ঢাকা ওয়াসার ২০১১ সালের রেট সিডিউলের দরের সাথে ১৫% যোগ করে, পূর্ব অনুমোদিত ও বাজার দরের স্বপক্ষে প্রাপ্ত কোটেশনের ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনে Part-A অংশে বিভাগীয় মালামালের মূল্য বাবদ ১৯,৫০,৬৪০.০০১ (উনিশ লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত চল্লিশ দশমিক শূণ্য শূণ্য এক) মাত্র টাকা, Part-B অংশে ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত মালামালের মূল্য এবং শ্রমিকের মজুরী বাবদ ১৯,৫৮,০২৫.৬৩৭ (উনিশ লক্ষ আটাত্ত হাজার পঁচিশ দশমিক ছয় তিন সাত) টাকা, Part-C অংশে রাস্তা খননের ক্ষতিপূরণ চার্জ বাবদ ৩,২৬,০৫২.০৫২ (তিন লক্ষ ছাব্বিশ হাজার বাহান্ন) মাত্র টাকাসহ সর্বমোট প্রাক্কলিত টাকার পরিমাণ দাঁড়িয়েছে=(১৯,৫৮,০২৫.৬৩৭+ ১৯,৫০,৬৪০.০০১ + ৩,২৬,০৫২)= ৪২,৩৪,৭১৭.৬৩৮ (বিয়াল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার সাতশত সতেরো দশমিক ছয় তিন আট) টাকা মাত্র। তন্মধ্যে Part-C অংশে রাস্তা খননের ক্ষতিপূরণ চার্জ বাবদ ৩,২৬,০৫২.০৫২ (তিন লক্ষ ছাব্বিশ হাজার বাহান্ন) মাত্র টাকা ঢাকা ওয়াসা কেন্দ্রীয় বাজেটের রাস্তা খনন খাত হতে এবং Part-B অংশে অর্থাৎ দরপত্র মূল্য বাবদ ১৯,৫৮,০২৫.৬৩৭ (উনিশ লক্ষ আটাত্ত হাজার পঁচিশ দশমিক ছয় তিন সাত) মাত্র টাকার ব্যয়ভার ২০২২-২৩ ইং অর্থ বছরের সাঃপাঃশোঃ ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের water line maintenance খাতে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-২৪ প্যাকেজ নং- G-17 এ সন্নিবেশিত আছে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১/৫/২৩ ৪:৫২ অপরাহ্ন

আলোচ্য কাজটিতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণ ও প্রতিযোগিতা বৃদ্ধির লক্ষ্যে পিপিআর ২০০৮ এর বিধি ৬২ অনুযায়ী এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি (OSTETM, e-GP) তে করা যেতে পারে।



সংযুক্তিসমূহ (৭):

- ১। ২০২২-২৩ ইং অর্থ বছরের সাঃপাঃশোঃ ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ২। সাপাশো পানির মেইন ট্রান্সমিশন লাইনে এর কপি।
- ৩। ডিএসসিসি কর্তৃক রাস্তা খননের ডিমান্ড নোটের কপি।
- ৪। টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- ৫। আলোচ্য কাজের পূর্বানুমোদিত দরের কপি।
- ৬। আলোচ্য কাজের নক্সা।
- ৭। আলোচ্য সরবরাহ কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১/৫/২৩ ৪:৫৩ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে, “Supply & Installation of e-PRV related 02(two) set butterfly Valves & other equipments of P(J)WTP transmission Network near ARMANITOLA Playground.” সরবরাহ কাজে রাস্তা খননের ক্ষতিপূরণ বাবদ চার্জসহ উপস্থাপিত প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪২,৩৪,৭১৭.৬৩৮ (বিয়াল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার সাতশত সতেরো দশমিক ছয় তিন আট) টাকা মাত্র। যার মধ্যে দরপত্র মূল্য বাবদ ১৯,৫৮,০২৫.৬৩৭ (উনিশ লক্ষ আটাত্ত হাজার পঁচিশ দশমিক ছয় তিন সাত) মাত্র টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর বিধি মোতাবেক ৬২ অনুযায়ী এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি (OSTETM, e-GP) প্রক্রিয়ায় সম্পন্ন করার অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, নথিটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

			
১/৫/২৩ ৪:৫৩ অপরাহ্ন ফজিলা খাতুন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১/৫/২৩ ৬:১৫ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১/৫/২৩ ৭:১২ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১/৫/২৩ ৭:১২ অপরাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল (রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৪/৫/২৩ ১১:০৭ পূর্বাহ্ন

উপরোক্ত সংযুক্তি ও বর্ননার আলোকে অনুচ্ছেদ ১.২ এর প্রস্তাব সদয় অনুমোদনের সুপারিশ করা হল।

	
৪/৫/২৩ ১১:০৭ পূর্বাহ্ন মোঃ ওয়াহিদুল ইসলাম মুরাদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	৪/৫/২৩ ১১:০৭ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১০/৫/২৩ ১০:০৩ অপরাহ্ন

অনুমোদিত

			
১০/৫/২৩ ১০:০৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১০/৫/২৩ ১০:৪৩ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৪/৬/২৩ ১০:১৪ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	২৬/৬/২৩ ৮:৩৫ পূর্বাহ্ন ফজিলা খাতুন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা